দৈনিক আমাদের সময়

তারিখ 31 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

# উচ্চশিক্ষার মান নিশ্চিতে কানাডিয়ান বিশ্ববিদ্যালয় বিশেষ অবদান রাখবে

—তারানা হালিম

নিজস্ব প্রতিবেদক ●

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী তারানা হালিম বলেছেন, গত দুই দশক ধরে উচ্চশিক্ষার সুযোগ ব্যাপকভাবে বাড়ানো হয়েছে। কিন্তু আমরা এখনো প্রত্যাশিত পর্যায়ে এর মান নিশ্চিত করতে সক্ষম হইনি। কানাডিয়ান ইউনির্ভার্সিটি অব বাংলাদেশ যে পাঁচটি প্রকৌশল বিভাগ খোলা এবং ব্যবহারিক জ্ঞানের ওপর বিশেষ মনোযোগ দিচ্ছে তা অবশ্যই একটি প্রশংসনীয় উদ্যোগ। আশা করি উচ্চশিক্ষার মান নিশ্চিতে বিশ্ববিদ্যালয়টি বিশেষ অবদান রাখতে সক্ষম হবে।

কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ আয়োজিত শিক্ষামেলার তৃতীয় দিনে গতকাল প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে তারানা হালিম মেধা ও মুক্তিযোদ্ধা কোটার ওপর ভিত্তি করে শতভাগ বৃত্তি দিয়ে ৬ শিক্ষার্থীকে পুরস্কৃত করেন।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সাবেক চেয়ারম্যান ড. আজাদ চৌধুরী কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের অসামান্য অবকাঠামো ও অন্যান্য সুবিধার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রশংসা করে বলেন, বাংলাদেশে কানাডিয়ান ইউনিভার্সিটি শুধু বাংলাদেশের জন্য নয় বরং পুরো বিশ্বেই সুনাম অর্জন করবে।

অনুষ্ঠানে বক্তব্য দেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. হেলালউদ্দিন, এরপর পৃষ্ঠা ৯ কলাম ১

## উচ্চশিক্ষার মান নিশ্চিতে কানাডিয়ান

(৩ এর পৃষ্ঠার পর) রাষ্ট্রদূত মো. আবদুল হান্নান, হেদায়েতুল্লাহ আল মামুন এনডিসি ও কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের প্রতিষ্ঠাতা চৌধুরী নাফিজ সরাফত। উপস্থিত ছিলেন ট্রাস্টি সদস্য আনজুমান আরা শহিদ, রাহিব চৌধুরী ও ভাইস চ্যান্সেলর প্রফেসর উইলিয়াম এইচ ডেরেঞ্জার প্রমুখ। বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ গত ২৭ আগস্ট এই মেলার উদ্বোধন করেন।